# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

লাকসাম রোড, কান্দিরপাড়, কুমিল্লা

ফোন : ০২৩৩৪৪০৬৩২৮, ওয়েবসাইট : www.comillaboard.gov.bd

স্মারক নং ঃ উমা/পরী/২০২৪/২০৪৬ তারিখ ঃ ০৫/০৬/২০২৪ খ্রি.

**বিষয় : ২০২৪ সালের এইচএসসি পরীক্ষার প্রশ্নপত্র সিকিউরিটি খামে সংরক্ষণ ও সিকিউরিটি খাম হতে প্রশ্নপত্র খোলা প্রসঙ্গে**

২০২৪ সালের এইচএসসি পরীক্ষার প্রশ্নপত্র সিকিউরিটি খামে সংরক্ষণ ও সিকিউরিটি খাম হতে প্রশ্নপত্র খোলার বিষয়ে নীচে বর্ণিত নিয়মাবলী অনুসরন করার জন্য সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা হলো-

১। কেন্দ্রের বিষয় ভিত্তিক পরীক্ষার্থীদের সংখ্যা বোর্ড প্রদত্ত প্রশ্নপত্রের স্টেটমেন্টের সাথে প্রশ্নপত্রের প্যাকেট সংখ্যা মিলিয়ে পরীক্ষার সময়সূচি অনুযায়ী সিকিউরিটি খামে সংরক্ষণ করতে হবে। পরীক্ষার রুটিন মোতাবেক তারিখ ও বিষয় কোড অনুযায়ী সকল প্রশ্নপত্রের সংখ্যা নিশ্চিত হওয়ার পর সিকিউরিটি খামের মুখবন্ধ করতে হবে। পরীক্ষা শুরুর ৫/৬ দিন পূর্বে জেলা প্রশাসক অথবা তাঁর প্রতিনিধি/উপজেলা নির্বাহী কর্মকর্তা অথবা তাঁর প্রতিনিধির উপস্থিতিতে বিজি প্রেস হতে প্রেরিত প্রশ্নপত্রের সিলগালা ট্রাংক খুলতে হবে এবং পরীক্ষার রুটিন অনুযায়ী প্রশ্নপত্র সর্টিং করে বোর্ড কর্তৃক সরবরাহকৃত সিকিউরিটি খামে সংরক্ষণ করতে হবে। খামের মুখের আঠা দ্বারা আটকিয়ে সরবরাহকৃত স্কচটেপ দ্বারা মুখ পুণরায় বন্ধ করতে হবে।

২। পরীক্ষার রুটিনের তারিখ ও বেলা (সকাল/বিকাল) অনুযায়ী আলাদা খাম ব্যবহার করতে হবে। একই বেলার একই সেটের সকল বিষয়ের প্রশ্নপত্র এক খামে রাখতে হবে।

৩। নৈর্ব্যক্তিক (ক, খ, গ, ঘ এক খামে) জন্য আলাদা খাম, '০২' নং সেটের জন্য আলাদা খাম, '০৪' নং সেটের জন্য আলাদা খাম ব্যবহার করতে হবে। প্রশ্নপত্রের সংখ্যা বেশি হলে এক সেটের জন্য একাধিক খাম ব্যবহার করা যাবে।

৪। সিকিউরিটি খামের উপর বোর্ড কর্তৃক সরবরাহকৃত অমোচনীয় মার্কার দ্বারা পরীক্ষার রুটিন অনুযায়ী তারিখ, বেলা ও বিষয় কোড লিখে ট্রাংকে রেখে তালা লাগিয়ে সীলগালা করতে হবে।

৫। প্রশ্নপত্র সর্টিংকালে প্রশ্নপত্রের ঘাটতি অথবা কোন অতিরিক্ত প্রশ্নপত্রের প্যাকেট থাকলে আলাদা সিকিউরিটি খামে সংরক্ষণ করতে হবে এবং সর্টিং এর পরদিন E-mail (controller@comillaboard.gov.bd) এ পরীক্ষা নিয়ন্ত্রক, কুমিল্লা শিক্ষাবোর্ডকে জানাতে হবে।

৬। প্রতিদিনের প্রতিবেলার পরীক্ষার জন্য সিকিউরিটি খামের সংখ্যা (নৈর্ব্যক্তিক, ০২ নং সেট ও ০৪ নং সেট) একটি রেজিস্ট্রারে পরীক্ষার সময়সূচি (তারিখ ও বিষয় কোড) অনুযায়ী লিপিবদ্ধ করতে হবে এবং পরীক্ষার দিন সংখ্যা মিলিয়ে রেজিস্ট্রারে ভারপ্রাপ্ত কর্মকর্তা ও ট্যাগ অফিসার স্বাক্ষর করে নিরাপদ হেফাজত হতে প্রশ্ন নিতে হবে।

৭। নির্ধারিত তারিখের সিকিউরিটি প্যাকেটে সংরক্ষিত প্রশ্নপত্র সমূহ (নৈর্ব্যক্তিক, ০২ নং সেট ও ০৪ নং সেট) পুলিশ প্রহরায় ভারপ্রাপ্ত কর্মকর্তা/তাঁর প্রতিনিধি এবং জেলা প্রশাসকের প্রতিনিধি/উপজেলা নির্বাহী কর্মকর্তার প্রতিনিধি জেলা /থানার নিরাপদ হেফাজত হতে মূল কেন্দ্রে নিয়ে আসতে হবে।

৮। মোবাইল মেসেজের মাধ্যমে সেট কোড নির্দেশনা পাওয়ার পর ভারপ্রাপ্ত কর্মকর্তা, ট্যাগ অফিসার ও দায়িত্বপ্রাপ্ত পুলিশ অফিসারের উপস্থিতিতে সেট কোড নিশ্চিত হয়ে ঐ দিনের নির্ধারিত সেটের প্রশ্নপত্রের প্যাকেট খুলতে হবে এবং বোর্ড কর্তৃক সরবরাহকৃত নির্ধারিত ফরমে তাঁদের স্বাক্ষর নিশ্চিত করতে হবে। নির্দেশনা পাওয়ার পূর্বে নৈর্ব্যক্তিক প্রশ্নের প্যাকেটও খোলা যাবে না। অব্যবহৃত সেটের প্রশ্নপত্রের সিকিউরিটি খাম কোন অবস্থাতেই খোলা যাবে না, তা ভারপ্রাপ্ত কর্মকর্তার হেফাজতে রাখতে হবে।

৯। **পরীক্ষার সময়সূচি অনুযায়ী সকাল ও বিকাল বেলার পরীক্ষা একই সেট কোডে অনুষ্ঠিত হবে।**

১০। **প্রশ্নপত্রের প্যাকেটের উপর মুদ্রিত প্রেস সিরিয়াল ও বিষয় কোড সতর্কতার সহিত নিশ্চিত হয়ে প্রশ্নপত্র সর্টিং করতে হবে।**

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

05/06/24

(ড. মোঃ আসাদুজ্জামান)
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা
ফোন ঃ ০২৩৩৪৪০৬১৭২

ভারপ্রাপ্ত কর্মকর্তা
এ বোর্ডের আওতাধীন এইচএসসি পরীক্ষা-২০২৪ এর সকল কেন্দ্র

**সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো ঃ**

১. জেলা প্রশাসক, কুমিল্লা/ চাঁদপুর/ ব্রাহ্মণবাড়িয়া/ নোয়াখালী/ ফেনী/ লক্ষ্মীপুর
২. উপজেলা নির্বাহী অফিসার, এ বোর্ডের আওতাধীন সকল উপজেলা
৩. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা
৪. সংরক্ষণ নথি

# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

লাকসাম রোড, কান্দিরপাড়, কুমিল্লা

ফোন : ০২৩৩৪৪০৬৩২৮, ওয়েবসাইট : www.comillaboard.gov.bd


স্মারক নং ঃ উমা/পরী/২০২৪/২০৪৫ তারিখ ঃ ০৫/০৬/২০২৪ খ্রি.

**বিষয় ঃ এইচএসসি পরীক্ষা - ২০২৪ এর OMR ও উত্তরপত্রের প্যাকেট ডাকযোগে/রেলযোগে/হাতে হাতে প্রেরণ প্রসঙ্গে**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে, এইচএসসি পরীক্ষা - ২০২৪ এর OMR ও উত্তরপত্রের প্যাকেট ডাকযোগে/ রেলযোগে/ হাতে হাতে প্রেরণের ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনাসমূহ অনুসরণের জন্য সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা হলো -

১. পরীক্ষা শেষে লিখিত উত্তরপত্রের OMR এর ১ম অংশ, বহুনির্বাচনির OMR এবং লিখিত উত্তরপত্রের প্যাকেট সমূহ যথাশীঘ্র ডাক/ রেলযোগে প্রেরণের তারিখ অনুযায়ী রসিদ সংরক্ষণ নিশ্চিত করতে হবে।

২. যে সকল কেন্দ্র হাতে হাতে বোর্ডে উত্তরপত্র জমা দিবেন তাঁরা উত্তরপত্রের প্যাকেট সমূহ এইচএসসি পরীক্ষা - ২০২৪ পরিচালনা সংক্রান্ত নীতিমালায় বর্ণিত নির্দেশনা মোতাবেক (**OMR গোলাপী কাপড়ের ও উত্তরপত্র সাদা কাপড়ে আবৃত করার পর সিলগালা করে**) প্যাকেট সমূহ চটের/প্লাস্টিকের থলেতে ভরে থলের মুখ ভালভাবে সেলাইয়ের পর সিলগালা করে পরীক্ষা পরিচালনা কমিটির একজন শিক্ষক প্রতিনিধি ও পুলিশ প্রহরায় নিরাপত্তার সহিত সকাল বেলার অনুষ্ঠিত পরীক্ষার OMR এবং উত্তরপত্রসমূহ বিকাল ৪ টার মধ্যে এবং বিকাল বেলায় পরীক্ষা থাকলে ঐ কেন্দ্রের সকাল বেলার পরীক্ষার OMR এবং উত্তরসমূহ যথানিয়মে প্যাকেট ও সিলগালা করে ভারপ্রাপ্ত কর্মকর্তা তাঁর নিরাপদ হেফাজতে রাখবেন এবং বিকাল বেলার পরীক্ষা শেষ হলে সকল OMR এবং উত্তরপত্র একই সাথে উল্লেখিত নিয়মে রাত ৮ টার মধ্যে বোর্ডে জমাদান নিশ্চিত করতে হবে।

৩. কালো গ্লাসের মাইক্রোবাস ব্যবহার/ অফিস সহকারী/অফিস সহায়ক (এমএলএসএস) এর মাধ্যমে উত্তরপত্র বোর্ডে প্রেরণ করা যাবে না।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

০৫/০৬/২৪

(ড. মোঃ আসাদুজ্জামান)
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা
ফোন ঃ ০২৩৩৪৪০৬১৭২

ভারপ্রাপ্ত কর্মকর্তা
এ বোর্ডের আওতাধীন এইচএসসি পরীক্ষা-২০২৪ এর সকল কেন্দ্র

**সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো ঃ**

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. অতিরিক্ত সচিব (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
৪. জেলা প্রশাসক, কুমিল্লা/ চাঁদপুর/ ব্রাহ্মণবাড়িয়া/ নোয়াখালী/ ফেনী/ লক্ষ্মীপুর
৫. উপজেলা নির্বাহী অফিসার, এ বোর্ডের আওতাধীন সকল উপজেলা
৬. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা
৭. সংরক্ষণ নথি

# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

লাকসাম রোড, কান্দিরপাড়, কুমিল্লা

ফোন : ০২৩৩৪৪০৬৩২৮, ওয়েবসাইট : www.comillaboard.gov.bd

স্মারক নং ঃ উমা/পরী/২০২৪/২০৪৭

তারিখ ঃ ০৫/০৬/২০২৪ খ্রি.

**বিষয় ঃ ২০২৪ সনের এইচএসসি পরীক্ষার লিখিত উত্তরপত্র, উত্তরপত্রের কভার পৃষ্ঠার (OMR) ছেঁড়া প্রথম অংশ ও MCQ'র OMR এর প্যাকেট বোর্ডে প্রেরণ প্রসঙ্গে**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, এইচএসসি পরীক্ষা - ২০২৪ এর লিখিত **উত্তরপত্র সাদা কাপড়** দিয়ে মুড়িয়ে, উত্তরপত্রের কভার পৃষ্ঠার (OMR) ছেঁড়া প্রথম অংশের প্যাকেট ও **MCQ'র OMR এর প্যাকেট প্রস্তুত করে গোলাপী কাপড়** দিয়ে মুড়িয়ে সেলাই করে হাতে-হাতে/ডাকযোগে/রেলযোগে কুমিল্লা শিক্ষাবোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তরের FSM শাখায় জমা দিতে হবে।

বি: দ্র: (ক) কুমিল্লা শিক্ষাবোর্ডে লিখিত উত্তরপত্র ও OMR জমা দেয়ার সময়সূচি :
সকাল বেলা পরীক্ষার ক্ষেত্রে দুপুর ৪.০০ টার মধ্যে এবং
সকাল ও বিকাল বেলার পরীক্ষার ক্ষেত্রে রাত ৮.০০ টার মধ্যে।

(খ) সকল কেন্দ্রের উত্তরপত্র ও OMR এর প্যাকেট ২ (দুই) কপি ফরোয়ার্ডিংসহ জমা দিতে হবে।

(গ) সরাসরি কুমিল্লা শিক্ষাবোর্ডে উত্তরপত্র ও OMR এর প্যাকেট ২ (দুই) কপি ফরোয়ার্ডিংসহ (বোর্ডের প্রেরিত ছক অনুযায়ী) জমা দিতে হবে।

(ঘ) যে সকল কেন্দ্র সরাসরি কুমিল্লা শিক্ষাবোর্ডে উত্তরপত্র ও OMR জমা দিবেন তারা বিষয়টি যথাসময়ে নিম্নস্বাক্ষরকারীকে ই-মেইল : dc.hsc@comillaboard.gov.bd আগামি ২৫/০৬/২০২৪ খ্রি. তারিখের মধ্যে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

(ঙ) যে সকল কেন্দ্র হাতে-হাতে/ সরাসরি কুমিল্লা শিক্ষাবোর্ডে উত্তরপত্র ও OMR জমা দিবেন, সে সকল কেন্দ্র হতে ঐ দিনের উদ্বৃত্ত সকল প্রশ্ন (যে সেট কোডে পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে) একইসাথে বোর্ডে জমা দিতে হবে।

(চ) হাতে হাতে জমা দেয়ার ক্ষেত্রে অবশ্যই পুলিশ প্রহরায় উত্তরপত্র ও OMR জমা দিতে হবে।

বোর্ডে ডাকযোগে উত্তরপত্র প্রেরণের ঠিকানা :
**পরীক্ষা নিয়ন্ত্রক**
**মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা**

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

০৫/০৬/২৪

(ড. মোঃ আসাদুজ্জামান)
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা
ফোন ঃ ০২৩৩৪৪০৬১৭২

ভারপ্রাপ্ত কর্মকর্তা
এ বোর্ডের আওতাধীন এইচএসসি পরীক্ষা-২০২৪ এর সকল কেন্দ্র

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। জেলা প্রশাসক, কুমিল্লা/ চাঁদপুর/ ব্রাহ্মণবাড়িয়া/ নোয়াখালী/ ফেনী/ লক্ষ্মীপুর
৩। পুলিশ সুপার, কুমিল্লা/চাঁদপুর/ফেনী/নোয়াখালী/ব্রাহ্মণবাড়িয়া/লক্ষ্মীপুর
৪। উপজেলা নির্বাহী অফিসার, এ বোর্ডের আওতাধীন সকল উপজেলা
৫। ডেপুটি পোস্ট মাস্টার জেনারেল, কুমিল্লা /নোয়াখালী বিভাগ **(এইচএসসি পরীক্ষা-২০২৪ এর সময়সূচি অনুযায়ী উত্তরপত্র ও OMR সমূহ অগ্রাধিকার ভিত্তিতে গ্রহণপূর্বক এ বোর্ডে প্রেরণের বিষয়ে সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো)**
৬। এ বোর্ডের সকল কর্মকর্তা
৭। সংরক্ষণ নথি